# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২৯০

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ পূর্বে বর্ণিত ব্যাখ্যাহীন হাদীসকে ব্যাখ্যাকারী হাদীস, যা ব্যাখ্যা করে যে, সাদাকাতুল ফিতর কেবল মুসলিমদের উপর ফরয; কাফেরদের উপর নয়

ذِكْرُ الْخَبَرِ المتقصِّي لِلَّفْظَةِ الْمُخْتَصَرَةِ الَّتِي تَقَدَّمَ ذِكْرُنَا لَهَا بِأَنَّ صَدَقَةَ الْفِطْرِ إِنَّمَا تَجِبُ عن المسلمين دون غيره

---

আরবী

3290 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ نَافِعٍ عَنِ ابْنِ عُمَرَ:
أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَرَضَ زَكَاةَ الْفِطْرِ مِنْ رَمَضَانَ عَلَى النَّاسِ صَاعًا مِنْ تمرٍ أَوْ صَاعًا مِنْ شَعِيرٍ عَلَى كُلِّ حُرٍّ وعبدٍ ذَكَرٍ وأنثى من المسلمين
الراوي : ابْنِ عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3290 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (1429) , ((الإرواء)) (831): ق.

বাংলা

৩২৯০. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম প্রত্যেক মুসলিম স্বাধীন ও দাস, নারী ও পুরুষের উপর এক সা‘ খেজুর অথবা এক সা‘ যব রমযানের যাকাতুল ফিতর ফরয করেছেন।”[1]

ফুটনোট

[1] মুয়াত্ত্বা ইমাম মালিক: ১/২৮৪; দারেমী: ১/৩৯২; মুসনাদ আহমাদ: ২/৬৩; সহীহুল বুখারী: ১৫০৪; আবূ দাউদ: ১৬১১; তিরমিযী: ৬৭৬; নাসাঈ: ৫/৪৮; ইবনু মাজাহ: ১৮২৬; সহীহ ইবনু খুযাইমাহ: ২৩৯৯; তাহাবী: ২/৪৪; সুনান বাইহাকী: ৪/১৬১-১৬২; বাগাবী: ১৫৯৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১৪২৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92621

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন